

# এসএসসির প্রশ্ন প্রণয়নে শিক্ষক প্রশিক্ষণ নিয়ে বিশেষ নির্দেশনা

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২৬ সেপ্টেম্বর ২০২৫, ১১:৩৭



ছবি: সংগৃহীত

এসএসসি ও দাখিল পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধন বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম আগামী ৫ অক্টোবর অনুষ্ঠিত হবে। এটি চলবে ১০ অক্টোবর পর্যন্ত। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শিক্ষকদের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র আনাসহ ৩ বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) বোর্ডের চেয়ারম্যান ও আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তত্ত্বাবধানে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড পরিচালনায় এসএসসি-দাখিল পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধন বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের ৪র্থ ব্যাচের প্রশিক্ষণ আগামী ৫ অক্টোবর থেকে ১০ অক্টোবর ঢাকায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে অনুষ্ঠিত হবে।

প্রশিক্ষণ কার্যক্রম প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত পরিচালিত হবে। সংযুক্ত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রধান শিক্ষকদের আওতাধীন কর্মরত শিক্ষককে নির্ধারিত তারিখ ও সময়ে বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, প্রশিক্ষণার্থীরা বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ডের সংস্থান অনুসারে ভাতা পাবেন।

### বিশেষ শর্তাবলী

মনোনীত শিক্ষকদের প্রশিক্ষণে অংশগ্রহণ বাধ্যতামূলক, অংশগ্রহণকারীরা সংশ্লিষ্ট বিষয়ের ৯ম-১০  
প্রধানের ছাড়পত্র আনতে হবে।

ঢাকা শিক্ষা বোর্ড কম্পিউটার সেন্টার, বাড়ি নং ৪৪, রোড নং ১২/এ, ধানমন্ডি লেকের পাশে (ধা  
বিশেষ প্রয়োজনে ঢাকা শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ) জেসমিন তাসলিমা বানুর ০  
পর্যন্ত যোগাযোগ করা যেতে পারে।

এমন পরিস্থিতিতে শিক্ষা বোর্ডের নির্বাচিত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করার জন

ন

।

ণ